# যুগান্তর

তারিখ 5 JUN 2009
পৃঃ কলাম

## দশম শ্রেণীর টেস্ট ও প্রিটেস্ট পরীক্ষা সারা দেশে একই সময়ে

### দুই বিষয়ে একই প্রশ্নপত্র

যুগান্তর রিপোর্ট

চলতি বছরের শেষের দিকে অনুষ্ঠিতব্য সরকারি-বেসরকারি নির্বিশেষে মাধ্যমিক বিদ্যালয়গুলোর দশম শ্রেণীর টেস্ট ও প্রি-টেস্টের বাংলা প্রথম পত্র ও ধর্ম বিষয়ের পরীক্ষা : পৃষ্ঠা ৭ : কলাম ৩

## পরীক্ষা : একই সময়ে

পরীক্ষা সারাদেশে একই প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। জাতীয়ভাবে সরকারি ব্যবস্থাপনায় ওই প্রশ্নপত্র প্রণীত হবে। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এক আদেশে একথা জানিয়েছে। সংশ্লিষ্টরা জানান, সরকারের এই নির্দেশের কারণে এখন সারাদেশেই একই সময়ে এক রুটিনে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেননা, এছাড়া সমন্বয় সম্ভব হবে না।

মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ইমরুল চৌধুরী স্বাক্ষরিত ওই আদেশে কঠোরভাবে বলা হয়েছে, সৃজনশীল প্রশ্নপত্রের ধুয়া তুলে পরীক্ষায় অতিরিক্ত ফরম পূরণ ফি গ্রহণ করা যাবে না। এতে আরও বলা হয়, কেন্দ্রীয়ভাবে 'বাংলাদেশ এক্সামিনেশন ডেভেলপমেন্ট ইউনিট'র (বিইডিইউ) সহায়তায় আসন্ন প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষার প্রশ্নপত্র মুদ্রণ এবং বিদ্যালয়ে সরবরাহের আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন হবে। শিক্ষা বোর্ডগুলো তা মুদ্রণ ও বিদ্যালয়ে পৌঁছানোর ব্যবস্থা করবে। এই দু'বিষয়ের শিক্ষক, প্রশ্ন প্রণেতা ও পরিমার্জকদের এসইএসডিপি'র প্রকল্প থেকে পূর্ণাঙ্গ প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হবে। আর খাতা মূল্যায়নের জন্য পরীক্ষকদের যুক্তিসঙ্গত পারিশ্রমিক ও সম্মানী প্রদান করা হবে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, আগামী বছর বা ২০১০ সালের এসএসসিতে প্রথমবারের মতো সৃজনশীল প্রশ্নপত্র পদ্ধতি চালু হবে। কিন্তু বিভিন্ন মহল থেকে দাবি করা হয়, শিক্ষক প্রশিক্ষণ সমাপ্ত হয়নি। সারাদেশে মাত্র অর্ধেক শিক্ষক প্রশিক্ষণ পেয়েছেন। পর্যাপ্ত প্রশিক্ষণ না হওয়ায় শিক্ষকরাই বিষয়টি বোঝেন না। সূত্র জানায়, এ অবস্থায় প্রথম বছর চালু করা বাংলা প্রথম পত্র এবং ধর্ম বিষয়ের সৃজনশীল প্রশ্নপত্র সরকারি ব্যবস্থাপনায় কেন্দ্রীয়ভাবে করার সিদ্ধান্ত নেয়া হয়।